দৈনিক ইত্তেফাক

তারিখ AUG. 8 1999
পৃষ্ঠা 8 কলাম 6

39

## সহকারী প্রধান শিক্ষকের বেতন স্কেল

বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক বিদ্যালয়ের দৈনন্দিন কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিয়া থাকেন। তাহাকে নিয়মিত শ্রেণী পাঠদান তালিকা পরিচালনা করিতে হয়। দৈনিক শিক্ষক হাজিরা খাতা তদারকি করিতে হয়। বলা অনাবশ্যক যে, এই কাজ দুইটি বিদ্যালয়ের দৈনন্দিন কাজের প্রধান অংশ এবং ইহা পরিচালনা করিতে গিয়া তাহাকে সহকারী শিক্ষকদের বিরাগভাজন হইতে হয়। এবং অনেক সময় সীমাহীন সমস্যায় পড়িতে হয়। সম্মানিত শিক্ষকবৃন্দ একই বেতন স্কেল প্রাপ্তির তুলনা করিয়া থাকেন। প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে সহকারী প্রধান শিক্ষকই সার্বিক দায়িত্ব পালন করেন। তাঁহাকে দৈনিক ৪/৫টি শ্রেণীতে পাঠদান করাইতে হয়। অত্যন্ত দুঃখের বিষয়, সহকারী প্রধান শিক্ষকের এই দায়িত্ব পালন করিয়াও তাঁহারা সিনিয়র শিক্ষকের বেতন স্কেল ভোগ করেন। বিএ পাস একজন সহকারী শিক্ষক ২০ বৎসরের অভিজ্ঞতার ফলে ৪৩০০ টাকার বেতন স্কেল পাইয়া থাকেন। অথচ একই অভিজ্ঞতা সম্পন্ন একজন সহকারী প্রধান শিক্ষক কমপক্ষে বি,এ,বি,এড যোগ্যতা নিয়া একই বেতন স্কেল অর্থাৎ ৪৩০০ টাকার বেতন স্কেল পান। ইহা নিঃসন্দেহে বৈষম্যমূলক।

এমতাবস্থায়, মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, বিষয়টি গভীরভাবে বিবেচনা করিয়া সহকারী প্রধান শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল প্রবর্তন করা হউক।

মোঃ দেলোয়ার হোসেন,
সহকারী প্রধান শিক্ষক,
রানাপাশা মাধ্যমিক বিদ্যালয়,
নলছিটি, ঝালকাঠী